দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JUN 2008
পৃষ্ঠা ৩ কলাম ২




জাস্ট ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ আয়োজিত মতবিনিময় সভা

কলেজ পর্যায়ের শিক্ষা বিষয়ক মতবিনিময় সভায় বক্তারা

# স্বাধীনতার ৩৭ বছরেও চূড়ান্ত হয়নি জাতীয় শিক্ষানীতি

দূর্ভাগ্য দেশবাসীর! দীর্ঘ ৩৭ বছর পরও জাতি একটি চূড়ান্ত শিক্ষা নীতিমালা পায়নি। বহুধা বিভক্ত শিক্ষা ব্যবস্থার কারণে নাগরিক ঐক্য, সংহতি, সংস্কৃতি ও দেশাত্ববোধের সংকটে বিপর্যস্ত জাতীয় সত্তা। অপার সম্ভাবনাময় জনগোষ্ঠীকে সময়োপযোগী শিক্ষায় স্বনির্ভরতা ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাবার লক্ষ্যে জাতীয় শিক্ষা নীতিমালা চূড়ান্তকরণের এখনই সময়। সম্প্রতি অনুষ্ঠিত 'কলেজ পর্যায়ের শিক্ষা : সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক মতবিনিময় সভায় একথা বলা হয়। ধানমন্ডিতে নবপ্রতিষ্ঠিত জাস্ট ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের উদ্যোগে আয়োজিত সভায় মডারেটর ছিলেন ইনকিলাবের সহযোগী সম্পাদক মোবায়েদুর রহমান। প্রধান অতিথির বক্তব্যে কোয়ালিটি এডুকেশন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ও সাবেক শিক্ষা সচিব মোঃ শহিদুল আলম বলেন, সুনির্দিষ্ট জাতীয় শিক্ষা নীতিমালার আওতায় নৈতিক মূল্যবোধসম্পন্ন গুণগতমানের শিক্ষা পাবার অধিকার দেশবাসীর রয়েছে।

জাস্ট ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এস.এম. রাশেদুজ্জামানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা শিক্ষাবিভাগের অধ্যাপক আতাউর রহমান ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক মুহাম্মাদ রুহুল আমীন রোকন, মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির রেজিস্ট্রার এম. আবুল বাশার, ঢাকা কমার্স কলেজের উপাধ্যক্ষ মাজহার জামিল, তেজগাঁও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এম. হারুনুর রশীদ পাঠান প্রমুখ।

সভাপতির বক্তব্যে এসএম রাশেদুজ্জামান বলেন, নৈতিক মূল্যবোধসম্পন্ন গুণগত মানের শিক্ষা ব্যতীত স্বাধীনতার সুফল দেশবাসী ভোগ করতে পারবে না। -প্রেস বিজ্ঞপ্তি